




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



নং-৪৬.০০.০০০০.০৬৩.৪৩.০০২.১৬- ২৫২২


তারিখঃ ১৫/১১/২০২২

বিষয়ঃ রাজশাহী জেলার তাহেরপুর পৌরসভায় হাট-বাজারের পেরিফেরির বাইরে সরকারি খাস জমিতে মার্কেট নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: মেয়র, তাহেরপুর পৌরসভা, রাজশাহী হতে প্রাপ্ত পত্র নং-১০৫; তারিখ: ২৯/০৮/২০২২ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে রাজশাহী জেলার তাহেরপুর পৌরসভায় হাট-বাজারের পেরিফেরির বাইরে সরকারি খাস জমিতে প্রস্তাবিত দুটি মার্কেট নির্মাণের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের খাসজমি-২ অধিশাখার ২৬.০৭.২০২২ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৪১.৪১.০৫৫.২১.১৩৩ স্মারকমূলে জারীকৃত পরিপত্রের ক্রমিক ৩.১ এবং ৪.২(৪) অনুযায়ী **বহুতল মার্কেট নির্মাণের অর্থায়নের উৎসসহ প্রকল্প প্রস্তাব স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে** মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনার প্রেক্ষিতে প্রস্তাবিত মার্কেট দুটির প্রকল্প প্রস্তাবসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


২৫/১১/২০২২
(মো: আব্দুর রহমান)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

মেয়র
তাহেরপুর পৌরসভা, রাজশাহী।

অনুলিপিঃ

- ০১। যুগ্ম-সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।